শ্বাসরুদ্ধকর ম্যাচে অস্ট্রেলিয়াকে হারালো দ. আফ্রিকা

বিশ্বকাপে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে শ্বাসরুদ্ধকর ম্যাচে জয় পেয়েছে দক্ষিণ আফ্রিকা। ফাফ ডু প্লেসিসের সেঞ্চুরি ও রাবাদার বোলিং নৈপুণ্যে ১০ রানে জয় পায় অস্ট্রেলিয়া।

শনিবার ইংল্যান্ডের ম্যানচেস্টারে দক্ষিণ আফ্রিকার দেয়া ৩২৬ রানের বিশাল টার্গেটে খেলতে নেমে ৪৯.৫ ওভারে ৩১৫ রানে অলআউট হয় অস্ট্রেলিয়া। দলের পক্ষে সর্বোচ্চ রান করেন ডেভিড ওয়ার্নার। ১১৭ বলে ওয়ার্নারের ১২২ রানের ইনিংসটি ছিল ১৫টি চার ও ২টি ছক্কায় সাজানো।

দক্ষিণ আফ্রিকার পক্ষে ১০ ওভারে ৫৬ রান দিয়ে গুরুত্বপূর্ণ ৩টি উইকেট শিকার করেন রাবাদা।

অস্ট্রেলিয়ার শেষ ৫ ওভারে জয়ের জন্য প্রয়োজন ছিল মাত্র ৫২ রান। ওই সময় ক্রিজে ছিলেন ৬৮ বলে ৮৫ রানে অপরাজিত থাকা অ্যালেক্স ক্যারি। ৪৬তম ওভারে বল করতে এসে মরিস ডেঞ্জারম্যান ক্যারিকে সাজঘরে ফিরিয়ে ম্যাচ জয়ের সম্ভাবনা জাগান। ওই ওভারে মরিস দেন মাত্র তিন রান। পরের ওভারে রাবাদা দেন ৭রান। ক্রিজে তখন উসমান খাজা ও মিচেল স্টার্ক।

৪৮তম ওভারে উসমান খাজা ও মিচেল স্টার্ক চার-ছক্কার ফুলঝুরিতে ১৭ রান আদায় করে নিলে ম্যাচ অস্ট্রেলিয়ার দিকে ঝুঁকে পড়ে। ১২ বলে তখন প্রয়োজন ২৫ রান, হাতে তিন উইকেট।

তবে ৪৯তম ওভারে রাবাদা এসে অস্ট্রেলিয়ার স্বপ্ন ধুলিস্যাৎ করতে উসমান ও স্টার্ককে ফিরিয়ে দিয়ে ম্যাচের নিয়ন্ত্রণ নিজেদের করে নেন। ৫০তম ওভারে লায়নের আউটের মধ্য দিয়ে বিশ্ব চ্যাম্পিয়নদের ইনিংসের যবনিকাপাত ঘটে। এর মধ্য দিয়ে এবারের বিশ্বকাপের রবিন রাউন্ড পর্বের সমাপ্তি হয়।

এদিকে বিশ্বকাপে অস্ট্রেলিয়াকে হারিয়ে বাংলাদেশকে পেছনে ফেলে পয়েন্ট টেবিলে সপ্তম দল হিসেবে উঠে এসেছে দক্ষিণ আফ্রিকা।